

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪৮

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ خَالِدٍ عَنْ الْهِقْلِ بْنِ زِيَادٍ عَنْ الْأَوْزَاعِيِّ قَالَ سَأَلْتُ الزُّهْرِيُّ عَنْ رَجُلٍ طَلَّقَ امْرَأَتَهُ وَهِيَ شَابَّةٌ تَحِيضُ فَانْقَطَعَ عَنْهَا الْمَحِيضُ حِينَ طَلَّقَهَا فَلَمْ تَرَ دَمًا كَمْ تَعْتَدُّ قَالَ ثَلَاثَةَ أَشْهُرٍ

বাংলা

৯৪৮. আওযাঈ হতে বর্ণিত, তিনি বলেন, কোনো লোক তার স্ত্রীকে তালাক দেয়, আর তার স্ত্রী হায়েযসম্পন্না যুবতী নারী। কিন্তু তালাক দেওয়ার পর থেকে তার হায়েয বন্ধ হয়ে যায়। তারপর সে আর রক্ত দেখতে পায়নি। - এ ধরণের নারী সম্পর্কে আমি যুহরী রাহি. কে জিজ্ঞেস করলাম, সে কতদিন ইদ্দত গণনা করবে? জবাবে তিনি বললেন: তিন মাস।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ জাইয়্যিদ।

তাখরীজ: (মুহাক্কিক এর কোনো তাখরীজ দেননি ৷-অনুবাদক)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আওযায়ী (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন